



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাতার, ঢাকা

পত্র সংখ্যা : রেজি/প্রশাসন-২/৩৮৭৪

তারিখ : ০২-০৫-২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	প্রশাসনিক অফিসার মোট পদসংখ্যাঃ ৮টি ১. উপাচার্য অফিস-১টি ২. সিইটিএল অফিস-১টি ৩. বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-১টি ৪. পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস-১টি ৫. আইআইটি-১টি ৬. গ্রন্থাগার অফিস-১টি ৭. অভ্যন্তরীণ অডিট অফিস-১টি ৮. জনসংযোগ অফিস-১টি জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম : ২২,০০০-৫৩,০৬০/-	ক) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/সিজিপিএ ২.৫ ও স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২।	নিরাপত্তা কর্মকর্তা মোট পদসংখ্যাঃ ২টি রেজিস্ট্রার অফিস জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম : ২২,০০০-৫৩,০৬০/-	ক) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/সিজিপিএ ২.৫ সহ স্নাতকোত্তর ডিগ্রি এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ন্যূনতম সহকারী নিরাপত্তা কর্মকর্তা/সমমানের পদে কমপক্ষে ৬(ছয়) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। খ) কমপক্ষে ৬(ছয়) মাসের আনসার/বিএনসিসি/অন্য কোনো সরকার স্বীকৃত নিরাপত্তা বাহিনীর প্রশিক্ষণ/১(এক) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছর।

৩। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।

৪। উপরোক্ত পদসমূহের জন্য প্রার্থীদের নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফর্মে ১০(দশ)কপি দরখাস্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার উপর ইস্যুকৃত ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৬০০/- (ছয়শত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ দশ কপি দরখাস্ত আগামী ২৫-০৫-২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর সরাসরি এবং রেজিস্ট্রারের ই-মেইল registrar@juniv.edu-তে প্রেরণ করতে হবে।

৫। রেজিস্ট্রার বরাবর ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০'x৪' সাইজের খাম পাঠিয়ে উপরোক্ত পদের জন্য আবেদন ফরম (অফিস বন্ধের দিন ব্যতীত অন্যান্য দিন অফিস চলাকালীন সময়) রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.juniv.edu থেকেও নির্ধারিত ফরম ডাউনলোড করে আবেদন করা যাবে।

৬। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)